

■ কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০:৩

আরবি মূল আয়াত:

ءَاِذَا مِتنَا وَ كُنَّا تُرَابًا ذَٰلِكَ رَجعٌ بَعِيدٌ ﴿٣﴾

🗚 অনুবাদসমূহ:

'আমরা যখন মারা যাব এবং মাটিতে পরিণত হব তখনো কি (আমরা পুনরুখিত হব)? এ ফিরে যাওয়া সুদূরপরাহত'। — আল-বায়ান

আমরা যখন মরে যাব আর মাটি হয়ে যাব (তখন আমাদেরকে আবার আল্লাহর কাছে ফিরে যেতে হবে)? এ ফিরে যাওয়াটা তো বহু দূরের ব্যাপার। — তাইসিরুল

আমাদের মৃত্যু হলে এবং আমরা মৃত্তিকায় পরিণত হলে আমরা কি পুনরুজ্জীবিত হব? এ প্রত্যাবর্তন সুদূর পরাহত! — মুজিবুর রহমান

When we have died and have become dust, [we will return to life]? That is a distant return." — Sahih International

৩. আমাদের মৃত্যু হলে এবং আমরা মাটিতে পরিণত হলে আমরা কি পুনরুখিত হব? এ ফিরে যাওয়া সুদূরপরাহত।

তাফসীরে জাকারিয়া

- (৩) আমাদের মৃত্যু হলে এবং আমরা মাটিতে পরিণত হলে (আমরা কি পুনরুজ্জীবিত হব?) সে প্রত্যাবর্তন তো সুদূর পরাহত!' [1]
 - [1] অথচ বিবেক-বুদ্ধির নিকষে এটাও অসম্ভবের কিছু নয়। পরের আয়াতে এর কিছু বিশ্লেষণ করা হয়েছে।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4633

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন